গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বুড়িচং, কুমিল্লা
www.burichang.comilla.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯১৮.০০০.৩১.০০৩.২৩- ৮২ | তারিখঃ ৩১.০১.২০২৩ খ্রি.

## হাট-বাজার ইজারা প্রদান দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ১৪৩০ বঙ্গাব্দের জন্য বুড়িচং উপজেলার নিম্ন তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ অস্থায়ী ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে ইচ্ছুক দরদাতাদের নিকট হতে নিম্নলিখিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। ইজারা গ্রহণে আগ্রহী/ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নলিখিত স্থান/কার্যালয় হতে নিম্নলিখিত সময়সূচি মোতাবেক দরপত্রের সিডিউল ক্রয় (অফেরতযোগ্য) ও দরপত্র দাখিল করতে পারবেন।

### দরপত্রের সিডিউল ক্রয়ের স্থানঃ

ক) জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।
গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।
ঘ) বুড়িচং থানা, কুমিল্লা।
ঙ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বুড়িচং শাখা, কুমিল্লা।

### দরপত্র দাখিলের স্থানঃ

ক) জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ) পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা।
গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।
ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।

### সময়সূচিঃ

| পর্যায় | সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম | ১৯.০২.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময় | ২০.০২.২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের দিনই বিকাল ০৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা ও বাছাই করা হবে। |
| ২য় | ২৬.০২.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময় | ২৭.০২.২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |
| ৩য় | ০১.০৩.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময় | ০২.০৩.২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |

উপরে উল্লিখিত প্রতি পর্যায়ের পর দরপত্র যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে হাট-বাজার ইজারা প্রদান করা হবে। প্রতি পর্যায়ের শেষে যে সকল হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হবে না (নিম্নস্বাক্ষরকারীর অফিস ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে) সে সকল হাট-বাজার ইজারার ক্ষেত্রে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে জানা যাবে।

৩। **কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার তফসিলভুক্ত হাট-বাজারসমূহের ১৪৩০ বাংলা সনে দরপত্রের মূল্য ও বাজারের কাঙ্খিত মূল্যের তালিকা নিম্নরূপঃ**

| ক্রম | বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | হাট বার | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | শংকুচাইল বাজার | রাজাপুর | ৬,৩৭,২৩৭/- | শুক্রবার ও সোমবার | ২,০০০/- | |
| ২. | দক্ষিণগ্রাম বাজার | রাজাপুর | ১,১৭,৩৬৮/- | রবিবার ও বৃহস্পতিবার | ১,০০০/- | |
| ৩. | ছোট হরিপুর (ছয়গ্রাম) বাজার | বাকশীমূল | ৩৩,০৪,৩৭৩/- | শনিবার ও মঙ্গলবার | ৬,৪০০/- | |
| ৪. | ফকির বাজার | বাকশীমূল | ৪,৫৪,৬১৩/- | শনিবার ও বুধবার | ১,৬০০/- | |
| ৫. | কালিকাপুর বাজার | বাকশীমূল | ৮৩,৫৬৪/- | শুক্রবার ও সোমবার | ৫০০/- | |
| ৬. | বুড়িচং দৈনিক তোহা বাজার | বুড়িচং | ২৫,৩৮,৩৮২/- | প্রতিদিন | ৫,৮০০/- | |
| ৭. | পূর্ণমতি বাজার | বুড়িচং | ৩৩,০৭২/- | শুক্রবার ও সোমবার | ৫০০/- | |
| ৮. | ভরাসার দৈনিক তোহা বাজার | ষোলনল | ৫,১২,৩৩৪/- | প্রতিদিন | ১,৮০০/- | |
| ৯. | ভরাসার গরুর বাজার | ষোলনল | ১২,৫৯,৬৩৩/- | বুধবার | ৩,২০০/- | |
| ১০. | নানুয়ার বাজার (তোহা ও গরু) | ষোলনল | ১৫,৪৫৯/- | শুক্রবার ও সোমবার | ৫০০/- | |
| ১১. | খাড়াতাইয়া দৈনিক বাজার | ষোলনল | ১,৩১,৬১৭/- | প্রতিদিন সকাল বেলা | ১,০০০/- | |
| ১২. | গোবিন্দপুর বাজার | পীরযাত্রাপুর | ১০,৩১৭/- | রবিবার ও বৃহস্পতিবার | ৫০০/- | |
| ১৩. | সাদকপুর বাজার | পীরযাত্রাপুর | ১৭,০৩০/- | সোমবার ও বৃহস্পতিবার | ৫০০/- | |
| ১৪. | কন্ঠনগর দৈনিক বাজার | পীরযাত্রাপুর | ৩৪,০২৬/- | প্রতিদিন সকাল বেলা | ৫০০/- | |
| ১৫. | নাজিরা বাজার | ময়নামতি | ৯৪,০২১/- | প্রতিদিন সকাল বেলা | ৫০০/- | |
| ১৬. | ময়নামতি গরু বাজার | ময়নামতি | ১৯,৩৬,০৯০/- | শুক্রবার | ৪,৬০০/- | |

CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৭. | ময়নামতি সাবের বাজার | ময়নামতি | ৬,৪১,৯৮৯/- | শুক্রবার | ২,০০০/- | |
| ১৮. | দেবপুর বাজার | ময়নামতি | ৩,৯১,৫১১/- | রবিবার ও বৃহস্পতিবার | ১,৪০০/- | |
| ১৯. | নিমসার বাজার | মোকাম | ৪,২৬,০৮,৩৫৮/- | প্রতিদিন | ৮৬,০০০/- | |
| ২০. | কোরপাই বাজার | মোকাম | ৪০,১৩৯/- | রবিবার ও বৃহস্পতিবার | ৫০০/- | |
| ২১. | কাবিলা তোহা বাজার | মোকাম | ২,২৫,১৫৮/- | শুক্রবার ও সোমবার | ১,২০০/- | |
| ২২. | কাবিলা গরু বাজার | মোকাম | ১,৭২,২২৯/- | শুক্রবার ও সোমবার | ১,০০০/- | |
| ২৩. | ভারেল্লা বাজার | ভারেল্লা দক্ষিণ | ৬২,৮৯৩/- | রবিবার ও বৃহস্পতিবার | ৫০০/- | |
| ২৪. | কংশনগর বাজার | ভারেল্লা উত্তর | ৩৩,১৯,৭৪৩/- | শনিবার ও বুধবার | ৭,৪০০/- | |

**১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ**

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ০১(এক) বছরের মেয়াদকালীন সময়ের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ০৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩। **যাহার দরপত্র গৃহীত হইবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থসহ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যাবতীয় অর্থ পরিশোধ না করলে বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।**

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। **দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না।** এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। দরপত্রের সাথে ইজারাদারের জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সংযুক্ত করতে হবে।

৮। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১০। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/-(দুইশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১২। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৫। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৭। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৮। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। সময়ে সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত সকল বিধিনিষেধ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

৩১/০১/২০২৩

সাহিদা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।

স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯১৮.০০০.৩১.০০৩.২৩- ৮২ তারিখঃ ৩১.০১.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. জেলাপ্রশাসক, কুমিল্লা।
২. পুলিশ সুপার, কুমিল্লা।
৩. সিভিল সার্জন, কুমিল্লা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।

CamScanner

৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
৬. সহকারী কমিশনার (স্থানীয় সরকার), জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
৮. সহকারী কমিশনার (ভূমি), বুড়িচং, কুমিল্লা।
৯. অফিসার ইনচার্জ, বুড়িচং থানা, কুমিল্লা। সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল, খোলা ও বাছাইকালে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।
১০. উপজেলা..............................................অফিসার (সকল), বুড়িচং, কুমিল্লা।
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বুড়িচং, কুমিল্লা।
১২. চেয়ারম্যান.........................................ইউনিয়ন পরিষদ (সকল), বুড়িচং, কুমিল্লা। বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..............................ইউনিয়ন ভূমি অফিস (সকল), বুড়িচং, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি স্থানীয়ভাবে এলাকায় মাইক, ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১৪. সভাপতি/সম্পাদক/ইজারাদার...................................হাট-বাজার (সকল), বুড়িচং, কুমিল্লা।
১৫. জনাব.....................................................................বুড়িচং, কুমিল্লা।
১৬. বিজ্ঞাপন ম্যানেজার....................................পত্রিকা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় ০৩(তিন) কলামে ১০(দশ) ইঞ্চি লম্বা সাইজে শুধুমাত্র ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৭. ...........................................................................
১৮. অফিস কপি/নোটিশ বোর্ড।

০৭/০২/২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।